



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ অধিশাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০২.২০.৪৬

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

বিষয়: জেলা ব্রান্ডিং বুক-এর হালনাগাদকরণের জন্য অনুসরণীয় বিষয়সমূহ।

উপর্যুক্ত বিষয়ে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, জেলা ব্রান্ড বুক হালনাগাদ করে পুনর্মুদ্রণ করার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করা প্রয়োজন:

- মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ব্রান্ডিং কৌশল-এর তৃতীয় অধ্যায়-এর ৩.১ জ নম্বর অনুচ্ছেদ অনুসরণ করতে হবে ;
- প্রচ্ছদ পরিবর্তন করা যাবে তবে তা ব্রান্ডিং এর মূল বিষয়বস্তুর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। প্রচ্ছদে পূর্বের ন্যায় মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআই এবং জেলা ব্র্যান্ডিং লোগো সন্নিবেশিত হবে;
- জাতির পিতার ছবি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এবং ছবির যথাযথ মুদ্রণ মান বজায় রেখে সংযোজন করতে হবে;
- মাননীয় প্রধানমন্ত্রীর সরকারি ছবি সংযোজন করতে হবে;
- জেলা ব্রান্ডিং বুক-এ পূর্বের ন্যায় বর্তমান মন্ত্রিপরিষদ সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রকল্প পরিচালক, এটুআই-এর বাণী (মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরবরাহ করা হবে), স্ব স্ব বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকের বাণী সংযোজন করতে হবে;
- যৌক্তিকতা না থাকলে মৌলিক তথ্য পরিবর্তন করার প্রয়োজন নেই। তবে নতুন তথ্য/ছবি ও পুরানো তথ্যের হালনাগাদ করা প্রয়োজন হলে তা করা যাবে;
- ব্রান্ড বুক উপস্থাপিত ছবির সাথে ছবির পরিচিতিমূলক তথ্য প্রদান করতে হবে;
- যথাসম্ভব উপস্থাপিত তথ্যের উৎস উল্লেখ করতে হবে এবং তর্কিত তথ্য বাদ দিতে হবে;
- এ সংক্রান্ত অন্যান্য অনুশাসন যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- জেলা ব্রান্ডিং বুক-এর হালনাগাদ কপি জেলা প্রশাসকের ওয়েবসাইটে আপলোড করতে হবে;
- জেলা ব্রান্ডিং বুক-এর হালনাগাদ মুদ্রণকৃত কপি মন্ত্রিপরিষদ বিভাগের জন্য ৫ কপি, প্রকল্প পরিচালক এটুআই-এর জন্য ১ কপি, সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য ১টি করে কপি, সকল বিভাগীয় কমিশনারগণের জন্য ১টি করে কপি প্রেরণ করতে হবে; এবং
- জেলা প্রশাসকের কার্যালয়ের লাইব্রেরিতে এবং জেলা পাবলিক লাইব্রেরিতে আবশ্যিকভাবে মুদ্রিত জেলা ব্রান্ড বুকের সকল সংস্করণের মুদ্রিত কপি সংরক্ষণ করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশাবলির আলোকে জেলা ব্রান্ডিং বুক-এর হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক (সকল)

২৬-৮-২০২০

ড. উর্মি বিনতে সালাম

উপসচিব (রুটিন দায়িত্ব)

ফোন: ৯৫৮৮৩৯৫

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: eg_sec1@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০২.২০.৪৬/১(১২)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম
- ২) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

২৬-৮-২০২০

ড. উর্মি বিনতে সালাম

উপসচিব (বুটিন দায়িত্ব)